# নিউইয়র্ক (New York) সিটি
# অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট (NYC OMB)
# কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট – ডিজাস্টার রিকভারি (COMMUNITY DEVELOPMENT BLOCK GRANT – DISASTER RECOVERY, CDBG-DR)
# ফান্ড রিলিজের জন্য অনুরোধ করার উদ্দেশ্যে নোটিশ (NOTICE OF INTENT TO REQUEST RELEASE OF FUNDS, NOI RROF)

ফান্ড রিলিজের জন্য অনুরোধ

28 সেপ্টেম্বর 2026 বা তার কাছাকাছি সময়ে, নিউ ইয়র্ক (New York) সিটি (সিটি) সাউথ স্ট্রিট সিপোর্ট মিউজিয়াম একজিভিশন (South Street Seaport Museum Exhibition) প্রকল্প নামে পরিচিত একটি প্রকল্প বাস্তবায়নের জন্য, 29 জানুয়ারি 2013 এর ডিজাস্টার রিলিফ অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্ট (পাবলিক ল 113-2)-এর অধীনে অনুমোদিত কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট-ডিজাস্টার রিকভারি (Community Development Block Grant-Disaster Recovery, CDBG-DR) ফান্ড রিলিজের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ হাউসিং এবং আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট (Department of Housing and Urban Development)-এর কাছে একটি আবেদন জমা দেবে। সিটি সাংস্কৃতিক এবং প্রত্নতাত্ত্বিক সংস্থানগুলির একটি প্রদর্শনী তৈরিতে সহায়তার উদ্দেশ্যে আনুমানিক $147,600 এর একটি প্রকল্পের জন্য আনুমানিক $51,000 CDBG-DR ফান্ডে অনুদান প্রদানের প্রস্তাব করছে।

প্রস্তাবিত প্রকল্পের লক্ষ্য হল 397 FDR Drive, New York, NY 10002-এ অবস্থিত মিউজিয়ামের পূর্ব দিকে অবস্থিত, করলিয়ার্স হুক পার্ক (Corlears Hook Park)-এ প্রত্নতাত্ত্বিক পর্যবেক্ষণ চলাকালীন আবিষ্কৃত সাংস্কৃতিক সংস্থানগুলির, 213 Water Street, New York, NY 10038-এ অবস্থিত সাউথ স্ট্রিট সিপোর্ট মিউজিয়ামে (South Street Seaport Museum)-এ একটি প্রদর্শনী তৈরি করা। প্রস্তাবিত কার্যক্রমে ঐতিহাসিক এ.এ. থম্পসন অ্যান্ড কোম্পানি (A.A. Thomson & Co.) বিল্ডিংয়ের চতুর্থ তলে প্রদর্শনীটির পরিকল্পনা এবং বাস্তবায়ন করাও অন্তর্ভুক্ত রয়েছে। নির্দিষ্ট কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এতেই সীমিত নয়: প্রদর্শনীর বাক্স নির্মাণ; আলোকসজ্জা ও শিল্পকলা লাগানো; গ্যালারি প্রস্তুতি (চিত্রকলা এবং অস্থায়ী দেওয়াল লাগানো); ডিজিটাল মার্কেটিং; উপকরণ মুদ্রণ ও প্রদর্শনী; কর্মীদের সময়; এবং উপকরণ ক্রয়। সমস্ত পুনর্নির্মাণগুলি হবে অস্থায়ী এবং তা কাঠামোর অভ্যন্তরে সীমাবদ্ধ থাকবে।

ধারা 58.35-এর অধীনে সুস্পষ্টভাবে বর্জন

HUD-এর অর্থায়নে পরিচালিত কার্যক্রমের জন্য HUD-এর পরিবেশগত পর্যালোচনা পদ্ধতি (Environmental Review Procedures)-এর 24 CFR 58.35 অনুসারে, উপরে তালিকাভুক্ত স্থানগুলিতে সাউথ স্ট্রিট একজিভিশন প্রকল্পের বাস্তবায়নকে জাতীয় পরিবেশ নীতি আইন (National Environmental Policy Act)-এর পরিবেশগত মূল্যায়নের আবশ্যকতা থেকে সুস্পষ্টভাবে বাদ দেওয়া হয়েছে। প্রস্তাবিত প্রকল্পটি 24 CFR 58.35(a)(3)(iii) অনুসারে নন-রেসিডেন্সিয়াল কাঠামোগুলিতে পুনর্বাসন এবং/অথবা উন্নয়নের সাথে জড়িত। প্রজেক্টের অতিরিক্ত তথ্য পরিবেশগত পর্যালোচনার রেকর্ডে (Environmental Review Record) (ERR) অন্তর্ভুক্ত রয়েছে। পর্যালোচনা করার জন্য ERR এখানে পাওয়া যাবে www.nyc.gov/site/cdbgdr/hurricane-sandy/sandy-environmental-records.page

অনুরোধ সাপেক্ষে, পর্যালোচনা করার জন্য ERR জনসাধারণের কাছেও ইলেকট্রনিকভাবে অথবা মার্কিন ডাকযোগে অথবা কোনও ব্যক্তির মাধ্যমে পাঠানো হবে] অনুগ্রহ করে আপনার অনুরোধটি NYC OMB এর কাছে ডাকযোগে অথবা 255 Greenwich Street, 8th Floor, New York, NY 10007 ঠিকানায় সশরীরে উপস্থিত হয়ে, প্রাপক: জুলিয়েট জ্যাকব (Juliet Jacobs), এনভায়রনমেন্টাল উইনিট হেড-এর কাছে জমা দিন অথবা CDBGComments@omb.nyc.gov ঠিকানায় ইমেইল পাঠান] NYC OMB এর অফিস সপ্তাহের কর্মদিবসগুলোতে 9:30 AM থেকে 5:30 PM পর্যন্ত খোলা থাকে]

জনসাধারণের মন্তব্য

যে কোনও ব্যক্তি, গ্রুপ বা এজেন্সি উপরে তালিকাভুক্ত ঠিকানাগুলিতে ডাকযোগে, সশরীরে উপস্থিত হয়ে অথবা উপরে উল্লিখিত ঠিকানায় ইমেইলের মাধ্যমে NYC OMB এর কাছে ERR এর বিষয়ে মন্তব্য জমা দিতে পারবে] (212) 788-1653 নম্বরে ফোন করেও মতামত জানানো যেতে পারে] 25 সেপ্টেম্বর 2026 এর মধ্যে প্রাপ্ত সকল মন্তব্য ফান্ড রিলিজ করার অনুরোধ জমা দেওয়ার অনুমোদন দেওয়ার পূর্বে NYC OMB কর্তৃক বিবেচনা করা হবে] এই নোটিশের কোন অংশটির জন্য মন্তব্য করা হচ্ছে তা মন্তব্যে সুস্পষ্টভাবে উল্লেখ করা উচিত]

পরিবেশগত সার্টিফিকেশন

NYC OMB, HUD-কে প্রত্যয়ন করছে যে, পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া সম্পর্কিত দায়িত্ব পালনের জন্য কোনও মামলা দায়ের করা হলে এবং উক্ত দায়িত্বগুলো পূরণ করা হয়ে থাকলে, সিটি এবং প্রত্যয়নকারী কর্মকর্তা হিসেবে জুলি ফ্রিম্যান (Julie Freeman) ফেডারেল আদালতের এখতিয়ার গ্রহণ করতে সম্মতি প্রদান করেছেন] HUD কর্তৃক এই সার্টিফিকেশনের অনুমোদন, NEPA এবং সংশ্লিষ্ট আইন ও কর্তৃপক্ষের অধীনে এর দায়িত্ব পালনে সহায়তা করে এবং এই সিটিকে CDBG-DR প্রোগ্রামের ফান্ড ব্যবহার করার অনুমতি দেয়]

ফান্ড রিলিজ করার ক্ষেত্রে আপত্তি

অনুরোধটি প্রকৃতপক্ষে পাওয়ার পর থেকে পনেরো দিনের মধ্যে HUD তার ফান্ড রিলিজ এবং NYC OMB-এর সার্টিফিকেশনের বিরুদ্ধে আপত্তিগুলো শুধুমাত্র নিম্নলিখিত কারণগুলোর মধ্যে থেকে যেকোনও একটির ওপর ভিত্তি করে বিবেচনা করবে: (a) NYC OMB-এর সার্টিফাইং অফিসার কর্তৃক সার্টিফিকেশনটি কার্যকর করা হয়নি; (b) NYC OMB একটি ধাপ বাদ দিয়েছে অথবা সিদ্ধান্ত নিতে ব্যর্থ হয়েছে বা 24 CFR পার্ট 58-এ HUD প্রবিধান অনুসারে প্রয়োজনীয় অনুসন্ধান করতে ব্যর্থ হয়েছে; (c) অনুদান গ্রহীতা বা প্রজেক্টের অন্যান্য অংশগ্রহণকারীরা HUD কর্তৃক ফান্ড রিলিজের অনুমোদনের আগে 24 CFR পার্ট 58 দ্বারা অনুমোদিত নয় এমন কোনও ফান্ড প্রদান করেছেন বা খরচ করেছেন; অথবা (d) 40 CFR পার্ট 1504 অনুসারে কাজ করা অন্য কোনও ফেডারেল সংস্থা লিখিত অনুসন্ধান জমা দিয়েছে যে প্রজেক্টটি পরিবেশগত মানের দৃষ্টিকোণ থেকে অসন্তোষজনক] আপত্তিগুলি প্রয়োজনীয় পদ্ধতি (24 CFR পার্ট 58, ধারা 58.76) অনুসারে প্রস্তুত এবং জমা দিতে হবে এবং CPDRROFNYC@hud.gov ঠিকানায় পাঠাতে হবে] সম্ভাব্য আপত্তিকারীদের আপত্তি জানানোর শেষ সময়কাল সম্পর্কে সঠিকভাবে জানার জন্য HUD-এর সাথে যোগাযোগ করা উচিত]

নিউইয়র্ক (New York) সিটি

জোহরান কোয়ামে মামদানি (Zohran Kwame Mamdani), মেয়র
শেরিফ সোলিমান (Sherif Soliman), ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেটের পরিচালক

তারিখ: 18 সেপ্টেম্বর 2026